যুগান্তর

তারিখ ... 22 JUL 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

সারা দেশে বিক্ষোভ

# ছাত্রদল সভাপতি রাজীবের জামিন নামঞ্জুর

যুগান্তর রিপোর্ট

পটুয়াখালীতে গ্রেফতার হওয়া ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি রাজীব আহসানসহ ছয়জনের জামিন আবেদন নামঞ্জুর করেছেন আদালত। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে করা মামলায় মঙ্গলবার মুখ্য বিচারিক হাকিম এসএম তারেক শামস এ আদেশ দেন। এদিকে সংগঠনের সভাপতি রাজীব আহসানকে গ্রেফতারের প্রতিবাদে রাজধানীসহ দেশের সব জেলা, মহানগর ও বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল এবং সমাবেশ করছে ছাত্রদল। প্রতিবাদে আজ দেশের সব থানা, পৌর ও কলেজে বিক্ষোভ মিছিল করবে ছাত্রদল।

বেলা ১১টার দিকে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি রাজীব আহসানসহ আসামিদের আদালতে হাজির করার পর তাদের পক্ষে জামিন আবেদন করা হয়। শুনানি শেষে আদালত ওই আবেদন নামঞ্জুর করেন এবং আগামী ১০ আগস্ট শুনানির পরবর্তী তারিখ নির্ধারণ করেন।

আসামিপক্ষের আইনজীবী ওয়াহিদ সরোয়ার কালাম বলেন, এটি একটি মিথ্যা ও সাজানো মামলা। ছাত্রদলের মতো একটি সংগঠনকে ক্ষতিগ্রস্ত করতে এ মামলা দেয়া হয়েছে। অন্য পাঁচজন হলেন সালাহউদ্দিন, রফিকুল ইসলাম, সৈয়দ জসীম উদ্দিন, সাইফুল ইসলাম ও গাড়িচালক অসীম হালদার।

পুলিশের ভাষ্য, তারা রাজীবের সহযোগী। রোববার রাত সাড়ে ১১টার দিকে পটুয়াখালীর লেবুখালী ফেরিঘাট থেকে পুলিশ তাদের আটক করে। তাদের প্রাইভেটকারে ৪৫টি ইয়াবা ট্যাবলেট ও একটি মদের বোতল উদ্ধার করা হয়েছে।

**ছাত্রদলের বিক্ষোভ মিছিল :** রাজীব আহসানকে গ্রেফতারের প্রতিবাদে রাজধানীসহ সারা দেশে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রদল। সকাল থেকে রাজধানীতে কেন্দ্রীয় ছাত্রদল শাহবাগ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদল দোয়েল চত্বর, ঢাকা মহানগর দক্ষিণ মালিবাগ এবং উত্তর কুড়িল বিশ্বরোড, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ধোলাইখাল এলাকায় বিক্ষোভ মিছিল করেছে বলে জানান ছাত্রদলের সহ-সভাপতি নাজমুল হাসান। এছাড়াও ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট জেলা ও মহানগর, খুলনা জেলা ও মহানগর, পটুয়াখালী, বরিশাল, নওগাঁ, ময়মনসিংহ, টাঙ্গাইল, সিরাজগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, জামালপুর, চাঁদপুর, কুমিল্লা জেলায় মিছিল হয়েছে। তিনি জানান, নওগাঁ ও বরিশালে ছাত্রদলের মিছিলে পুলিশ বাধা দিয়েছে। বাবলু নামের এক ছাত্রদল নেতাকে আটক করা হয়েছে।

পটুয়াখালী প্রতিনিধি জানান, গ্রেফতারের প্রতিবাদে এবং তার নিঃশর্ত মুক্তির দাবিতে জেলা ছাত্রদলের সভাপতি গাজী আশফাকুর রহমান বিপ্লবের নেতৃত্বে একটি বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। রাজীব আহসানকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ছাত্রশিবির। সংগঠনটি এক বিবৃতিতে উল্লেখ করে, তাকে অন্যায়ভাবে গ্রেফতার করা হয়েছে। এটা ছাত্রসমাজ মেনে নেবে না। অবিলম্বে তার মুক্তি দাবি করে সংগঠনটি।